

শাহজালালে অসদাচরণের দায়ে যাত্রীর অর্থদণ্ড

- A Monitor Desk Report

Date: 11 March, 2025



ঢাকাঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দায়িত্বরত এভিয়েশন সিকিউরিটি ফোর্স (এভসেক) সদস্যদের সঙ্গে অসদাচরণের দায়ে এক যাত্রীকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার (১০ মার্চ) অভ্যন্তরীণ টার্মিনালে এ ঘটনা ঘটে।

এভসেক সূত্র জানায়, আহমেদ মোস্তফা নামে ওই যাত্রী পি-বোর্ডিংয়ে এলে তার লাগেজে লাইটারের অস্তিত্ব পাওয়া যায়। পরে লাগেজ থেকে দুইটি লাইটার বের করে এভসেক সদস্যরা তা রেখে দেওয়ার জন্য বললে তিনি খারাপ আচরণ করতে থাকে। এক পর্যায়ে এভসেক সদস্যরা তাকে বিমানবন্দরের ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করলে ম্যাজিস্ট্রেট তাকে ১০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন।

• -B